



## উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়

শ্রীনগর, মুন্সীগঞ্জ

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়

গণ-বিজ্ঞপ্তি


যেহেতু, নির্বাচন কমিশন সচিবালয়ের ২৩/০১/২০২৩ খ্রিঃ তারিখের ১৭.০০.০০০০.০৭৯.৪১.০১৮.২২-১৩ নং স্মারকের নির্দেশনা এবং জেলা নির্বাচন অফিসার, মুন্সীগঞ্জ এর ২৩/০১/২০২৩ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন নং-১৭.০২.৫৯০০.০০০.৪১.০০১.২২-৫১ মোতাবেক স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫ এর ১ উপবিধি অনুযায়ী মুন্সীগঞ্জ জেলার শ্রীনগর উপজেলার বাঘড়া ইউনিয়ন পরিষদের ০৩ নম্বর ওয়ার্ডের সংরক্ষিত আসনের সদস্য পদে উপ-নির্বাচনের জন্য সময়সূচির প্রজ্ঞাপন জারী করা হয়েছে।

এক্ষণে, সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১১ অনুযায়ী আমি মোঃ ফখর উদ্দীন শিকদার, উপজেলা নির্বাচন অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ এবং রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য মুন্সীগঞ্জ জেলার শ্রীনগর উপজেলার বাঘড়া ইউনিয়ন পরিষদের ০৩ নম্বর ওয়ার্ডের সংরক্ষিত আসনের সদস্য পদে উপ-নির্বাচনের জন্য নিম্নলিখিত সময়সূচি নির্ধারণ করে বিজ্ঞপ্তি জারী করছিঃ

(ক)	রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৯ ফেব্রুয়ারী-২০২৩	রবিবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	২০ ফেব্রুয়ারী-২০২৩	সোমবার
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	২৭ ফেব্রুয়ারী-২০২৩	সোমবার
(ঘ)	ভোট গ্রহণের তারিখ	:	১৬ মার্চ-২০২৩	বৃহস্পতিবার

আমি আরও জানাচ্ছি যে, ২৩/০১/২০২৩ তারিখ হতে ১৯/০২/২০২৩ তারিখ (রবিবার) পর্যন্ত ছুটির দিনসহ সকাল ৯:০০টা হতে বিকাল ৪:০০টা পর্যন্ত উল্লিখিত ইউনিয়নের উক্ত সংরক্ষিত আসনের সদস্য পদে উপ-নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়, উপজেলা নির্বাচন অফিস, শ্রীনগর, মুন্সীগঞ্জ এ মনোনয়নপত্র বিতরণ ও গ্রহণ করা হবে।

ভোটগ্রহণের সময়:সকাল ৮:৩০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত ইভিএম এর মাধ্যমে বিরতিহীনভাবে ভোটগ্রহণ চলবে।

  
(মোঃ ফখর উদ্দীন শিকদার)

উপজেলা নির্বাচন অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ

ও

রিটার্নিং অফিসার

বাঘড়া ইউনিয়ন পরিষদের ৩ নম্বর ওয়ার্ডের  
সংরক্ষিত আসনের সদস্য পদের উপনির্বাচন ২০২৩

স্থান: রিটার্নিং অফিসারের কার্যালয়,

শ্রীনগর, মুন্সীগঞ্জ


তারিখ : ২৩ জানুয়ারী ২০২৩

স্মারক নং-১৭.০২.৫৯৮৪.০০০.৪১.০০১.২২-২২(১৬)

তারিখঃ ২৩ জানুয়ারী ২০২৩

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ
- ০৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ০৪। উপ-সচিব (নির্বাচন পরিচালনা-১/২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ০৫। পুলিশ সুপার, মুন্সীগঞ্জ।
- ০৬। সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব (অর্থ ও বাজেট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ০৭। জেলা নির্বাচন অফিসার, মুন্সীগঞ্জ।
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
- ০৯। জেলা কমান্ডেন্ট, মুন্সীগঞ্জ।
- ১০। অফিসার ইনচার্জ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
- ১১। উপজেলা আনসার ও ডিডিপি অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
- ১২। সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, শ্রীনগর, মুন্সীগঞ্জ (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ)।
- ১৩। সচিব, বাঘড়া ইউনিয়ন পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ (বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট এলাকায় বহল প্রচারের অনুরোধসহ)।
- ১৪। নোটিশ বোর্ড, উপজেলা নির্বাহী অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
- ১৫। নোটিশ বোর্ড-----শ্রীনগর, মুন্সীগঞ্জ।
- ১৬। অফিস কপি।

  
(মোঃ ফখর উদ্দীন শিকদার)

উপজেলা নির্বাচন অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ

ও

রিটার্নিং অফিসার